, যেহেতু সে কোনদিনই বলেনি: “হে আমার রব, বিচার দিনে আমার ভুল-ত্রুটিগুলো ক্ষমা করে দিবেন।”

‘আয়িশাহ রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেছেন: আমি জিজ্ঞাসা করলাম: হে
আল্লাহর রাসূল! ইবনু জুদ‘আন জাহিলী যুগে রক্ত সম্পর্ককে ঠিক রাখত ও মিসকীনদেরকে
খাবার দিত। এগুলো কি তার কোন উপকারে আসবে? তিনি বললেন: “এটা তার কোন উপকারেই আসবে
না, যেহেতু সে কোনদিনই বলেনি: “হে আমার রব, বিচার দিনে আমার ভুল-ত্রুটিগুলো ক্ষমা
করে দিবেন।”
[সহীহ] [ইমাম মুসলিম এটি বর্ণনা করেছেন]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম আব্দুল্লাহ ইবনু জুদ‘আন সম্পর্কে সংবাদ দিয়েছেন, আর সে ছিল ইসলাম-পূর্ব যুগে কুরাইশদের অন্যতম নেতা। তার অন্যতম ভালো কাজ ছিল: সে আত্মীয়তার সম্পর্ক বজায় রাখত, মিসকীনদেরকে খাবার দিত, এরকম আরো অন্যান্য কাজ যেগুলো করার জন্য ইসলাম উৎসাহিত করেছে। তবে নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম অবহিত করছেন যে, এসব আখিরাতে তার কোন কাজে আসবে না। এর কারণ হচ্ছে: সে আল্লাহর সাথে কুফুরী করেছে এবং সে কোনদিন বলেনি যে, হে আমার রব! বিচারের দিনে আমার ভুল-ত্রুটিগুলো ক্ষমা করে দিবেন।

http://www.sunnah.global/hadeeth/bn/show/65009